



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-১২১৭/ক/অনঃ/২০২৫/১৬৭

তারিখ: ২৪/০৯/২০২৫

বিষয়: উচ্চমাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রসঙ্গে।


সূত্র: বোর্ডের ৩১/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির ১১ তম সভার সুপারিশ ও পরবর্তী বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলাধীন "বাজিতপুর সিটি কলেজ" এ নিম্নোক্ত শর্তসাপেক্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

## শর্তসমূহ:

- ১। স্থাপনের অনুমতিকে কোনক্রমেই কলেজের পাঠদানের প্রাথমিক অনুমতি হিসেবে গণ্য করা যাবে না;
- ২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং পাঠদানের আবেদন করার পূর্বে কলেজের নামে জমির দলিল ও খতিয়ান করত: উক্ত জমিতে ভবন নির্মাণ করে শ্রেণী পাঠদান উপযোগী করতে হবে। কোন অবস্থায় ভাড়া কৃত বাড়িতে পাঠদানের অনুমতি দেয়া হবে না;
- ৩। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ তৈরি করতে হবে;
- ৪। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৫। সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ৪,০০,০০০/- (চার লক্ষ) ও ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে;
- ৬। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা - ২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে;
- ৭। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর মোঃ রিজাউল হক  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

অধ্যক্ষ/সভাপতি,  
বাজিতপুর সিটি কলেজ  
উপজেলা- বাজিতপুর, জেলা-কিশোরগঞ্জ।

মেমো নং-১৬৭ (৩০)

তারিখ: ২৪/০৯/২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা।
- ৪। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ৭। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।



কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা